

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪৩

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৩

বহিরাঙ্গ থেকে বা রাজ্যের মধ্যে
শূকর পরিবহনে নিষেধাজ্ঞা জারি

প্রাণীসম্পদ বিকাশ দপ্তর বহিরাঙ্গ থেকে রাজ্যে ও রাজ্যের মধ্য দিয়ে শূকর পরিবহনে নিষেধাজ্ঞা জারি করেছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের বিশেষ সচিব ও অধিকর্তা কে শশীকুমার এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়ে বলেন, শূকর পালনকারীদের কল্যাণে ও শূকরের মধ্যে সংক্রমণ প্রতিরোধে এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ত্রিপুরা সরকারের প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অনুমোদন ছাড়া কোনও জীবিত বা মৃত শূকর বহিরাঙ্গ থেকে রাজ্যে আনা যাবে না। বাইরে থেকে শূকর পরিবহনকারী একমাত্র সেই গাড়ি বা রেল কনসাইনমেন্টকে রাজ্যে প্রবেশ করতে দেওয়া হবে যেগুলি প্রিভেনশন অব ড্রুয়েন্টি টু অ্যানিমেলস অ্যাক্ট ১৯৬০-এর প্রাণী পরিবহনের রুলস ২০০১-এর ৯৬ রুল ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিজার মেনে প্রবেশ করবে। সেক্ষেত্রে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের আধিকারিকরা বাইরে থেকে আমদানিকৃত শূকরগুলির প্রয়োজনীয় স্বাস্থ্য ও টিকা সংক্রান্ত অবস্থা যাচাই করবেন। সেজন্য প্রবেশ দ্বারে শূকর বোঝাই কনসাইনমেন্ট পৌঁছানোর কমপক্ষে ৪৮ ঘণ্টা আগে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তাকে জানাতে হবে। শূকর পালন ছাড়া বাণিজ্যিক কারণে মাংস বিক্রির জন্যও বাইরে থেকে শূকর আনা যাবে না। তাছাড়া যে স্থানে সেই শূকর যাবে সেখানে আমদানিকারী তার নিজের খরচে শূকরের স্বাস্থ্য পরীক্ষা করাবেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আগাম অবগতির ভিত্তিতে। তাছাড়া রাজ্যের প্রবেশ দ্বারে যদি কোনও বেআইনি / অসুস্থ কনসাইনমেন্ট পাওয়া যায় তাহলে শূকরের কনসাইনমেন্ট রাজ্য থেকে সরিয়ে নেওয়ার একমাত্র দায়িত্ব থাকবে আমদানিকারীর। অন্যথায় তাকে নিজের খরচে চলতি রোগ প্রতিরোধক আইন অনুযায়ী সেই শূকরগুলির সুষ্ঠু নিষ্পত্তি করতে হবে।
